**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং প্রাশিঅ/প্রশি/CTI/৩৬৮/২০১২/৬৮৭/১০৩৯

তারিখ: ১২ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়: **সকল উপজেলা/থানা রিসোর্স সেন্টারে ৩ (তিন) দিন ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের "Competency based item development, marking and test administration" বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরে সকল উপজেলা/থানা রিসোর্স সেন্টারে ৩ (তিন) দিন ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের "Competency based items development, marking and test administration" বিষয়ক প্রশিক্ষণ আগামী ০১ অক্টোবর ২০১৬ তারিখ থেকে শুরু হবে।

| ১ম ব্যাচ | ২য় ব্যাচ | ৩য় ব্যাচ | ৪র্থ ব্যাচ | ৫ম ব্যাচ |
|---|---|---|---|---|
| ০১.১০.২০১৬ থেকে ০৩.১০.২০১৬ | ০৬.১০.২০১৬ থেকে ০৮.১০.২০১৬ | ১৩.১০.২০১৬ থেকে ১৫.১০.২০১৬ | ১৬.১০.২০১৬ থেকে ১৮.১০.২০১৬ | ১৯.১০.২০১৬ থেকে ২১.১০.২০১৬ |

০২। অনুষ্ঠেয় প্রশিক্ষণের বাজেট বিভাজন, বিস্তারিত পরিকল্পনা এবং এ নির্দেশনামূলক পত্রটি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো। তিনি প্রেরিত নির্দেশনার আলোকে অংশগ্রহণকারীর তালিকা প্রস্তুতপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করবেন।

০৩। এমতাবস্থায়, নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণকরতঃ প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য তাঁকে অনুরোধ করা হলো:

**ক) উপজেলা/থানা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট বিষয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে প্রশিক্ষণে অংশগ্রহণকারী হিসেবে ব্যাচওয়ারী সংশ্লিষ্ট ইউআরসি/টিআরসি এর ইন্সট্রাক্টর/সহকারী ইন্সট্রাক্টর এর সাথে আলোচনাক্রমে ডেপুটেশন প্রদান করবেন। ইতিপূর্বে যেসকল শিক্ষককে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়নি তাঁদেরকে এ প্রশিক্ষণে অগ্রাধিকার প্রদান করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরের নিকট থেকে এ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণের ডেটাবেইজ সংগ্রহপূর্বক প্রশিক্ষণবিহীন/প্রশিক্ষণপ্রাপ্ত (আগে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে আগে সুযোগ দিতে হবে অর্থাৎ ২০১৩-২০১৪ অর্থবছরে প্রশিক্ষণপ্রাপ্তদেরকে বর্তমান বছরে আগে সুযোগ দিতে হবে) শিক্ষকগণকে ডেপুটেশন প্রদান করবেন। বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার ও ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণকে কঠোরভাবে অনুসরণের জন্য নির্দেশ দেয়া হলো।**

খ) কোন বিদ্যালয় থেকে একই সাথে একই ব্যাচে একাধিক শিক্ষককে ডেপুটেশন দেওয়া যাবে না।

গ) প্রশিক্ষণের মেয়াদ ৩ (তিন) দিন এবং সময় প্রতিদিন সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত। প্রতিব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা হবে ৩০ (ত্রিশ) জন।

ঘ) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহে আয়োজিত Master Trainer Training on Competency based Items Development and Marking ও পিটিআই- এ আয়োজিত TOT on Competency Based Item Development and Marking বিষয়ে শুধুমাত্র প্রশিক্ষণপ্রাপ্ত ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর, সহকারী ইন্সট্রাক্টর/ সহকারী উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তাগণ প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন।

ঙ) প্রতি ব্যাচে প্রশিক্ষকের সংখ্যা হবে ২ (দুই) জন। প্রত্যেক ব্যাচে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত ১ (এক) জন ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর ও ১ (এক) জন সহকারী ইন্সট্রাক্টর/সহকারী উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষক নির্বাচনের বিষয়টি সংশ্লিষ্ট ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর সমন্বয় করবেন।

চ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করলে সহকারী ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। তবে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর ও সহকারী ইন্সট্রাক্টর উভয়ে একই সাথে উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করলে কোর্স কো-অর্ডিনেটরের জন্য বরাদ্দকৃত সম্মানী ও ভাতাদি অব্যয়িত থাকবে এবং সকল প্রকার অব্যয়িত অর্থ যথাসময়ে ফেরত প্রদান করতে হবে। কোনক্রমেই একই সাথে একই ব্যক্তি একাধিক ব্যাচ হতে প্রশিক্ষক এবং কো-অর্ডিনেটরের ভাতা ও সম্মানী গ্রহণ করতে পারবেন না।

ছ) প্রশিক্ষকগণ পূর্বে প্রেরিত প্রশিক্ষণ ম্যানুয়ালের সফট কপি অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করবেন।

জ) কোর্স কো-অর্ডিনেটর/ ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর সরবরাহকৃত তথ্যপত্র প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণার্থীগণকে সরবরাহ করবেন।

ঝ) বরগুনা জেলার নবসৃষ্ট তালতলি উপজেলার ২ (দুই) ব্যাচের বরাদ্দকৃত অর্থ আমতলী উপজেলার ৩ (তিন) ব্যাচের বরাদ্দকৃত অর্থের সাথে প্রদান করা হয়েছে (তালতলি ২ (দুই) ব্যাচ ও আমতলী ৩ (তিন) ব্যাচ, মোট ৫ (পাঁচ) ব্যাচ)। তালতলি উপজেলার জন্য বরাদ্দকৃত প্রশিক্ষণের অর্থ আমতলীতে বরাদ্দ দেওয়া হলেও তালতলি উপজেলার অংশগ্রহণকারীদের সুবিধার্থে প্রশিক্ষণ ভেন্যু প্রয়োজনে তালতলি উপজেলায় করা যাবে।

ঞ) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদ প্রদান করতে হবে।

ট) প্রতি ভ্যানুতে সর্বোচ্চ ০২(দুই) জন তথ্যজ্ঞ ব্যক্তির টিএ/ডিএ ও সম্মানীবাবদ বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাঠপর্যায়ের বিভিন্ন কর্মকর্তাগণ তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে প্রশিক্ষণ পরিদর্শন করবেন এবং সরকারি বিধি মোতাবেক তাদেরকে প্রাপ্য টিএ/ডিএ ও সম্মানী প্রদান করবেন। কোন তথ্যজ্ঞ ব্যক্তি প্রশিক্ষণে উপস্থিত হলে তথ্যজ্ঞ ব্যক্তিগণের বিষয়ে ইতোপূর্বে প্রেরিত তথ্য ছক পূরণপূর্বক dirtraindpe@gmail.com ঠিকানায় প্রেরণ করতে হবে।

ঠ) তথ্যজ্ঞ ব্যক্তিগণ ভেন্যুতে পরিদর্শন চেকলিষ্ট প্রণয়ন করে উহা মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ আসলাম হোসেন, সহকারী পরিচালক, (প্রশিক্ষণ) বরাবর প্রদান করবেন এবং পরিদর্শন প্রতিবেদনের অনুলিপি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সমন্বয় ও মনিটরিং শাখায় প্রেরণ করবেন।

০৪। উল্লেখ্য, প্রশিক্ষণ সমাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর প্রশিক্ষাণার্থী ও প্রশিক্ষকদের নাম, সংখ্যা এবং ব্যয়িত ও উদ্বৃত্ত অর্থের হিসাব বিবরণী (SOE) সহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পরিচালক, প্রশিক্ষণ (দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ আসলাম হোসেন, সহকারী পরিচালক, (প্রশিক্ষণ) ও পরিচালক (অর্থ) বরাবর প্রেরণ করবেন।

বি দ্রঃ ১) যেসকল উপজেলায় প্রদত্ত ব্যাচের তুলনায় প্রশিক্ষণার্থীর সংখ্যার স্বল্পতা রয়েছে সেসকল উপজেলায় প্রয়োজনে পাশ্ববর্তী উপজেলা থেকে প্রশিক্ষণার্থী নেয়া যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ডেপুটেশন প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।
২) শিডিউল মোতাবেক যথাসময়ে প্রশিক্ষণ শুরু করতে হবে। কোনক্রমেই শিডিউলের ব্যতিক্রম করা যাবেনা।

০৫।১০।১৬
সঞ্জয় কুমার চৌধুরী
যুগ্ম সচিব
পরিচালক (প্রশিক্ষণ)

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

স্মারক নং প্রাশিঅ/প্রশি/CTI/৩৬৮/২০১২/৬৮৭/১০৩৯

তারিখ: ১২আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
২. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)।
৩. সুপারিনটেনডেন্ট, পিটিআই, (সকল)।
৪. উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা, (সকল)।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর – এটা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর–এটা অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. সংশ্লিষ্ট নথি – সংরক্ষণের জন্য।

০৫.১০.১৬
মোহাম্মদ আসলাম হোসেন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

C:\Users\Habiba\Desktop\CTI Correction letter 2016.doc